তারিখ .. 03 MAR 2016 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ১ ......

সংবাদ

# সব উপজেলায় আইসিটি রিসোর্স সেন্টার হবে
## — প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ১২৫টি উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) উদ্বোধন করে বলেছেন, তৃণমূল পর্যায়ে তথ্যপ্রযুক্তি শিক্ষা ও প্রশিক্ষণ আধুনিক প্রযুক্তিনির্ভর করে গড়ে তোলার অংশ হিসেবে দেশের সব উপজেলায় আইসিটি রিসোর্স সেন্টার গড়ে তোলা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল সকালে তার তেজগাঁওস্থ কার্যালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কেন্দ্রগুলো উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। বাসস।

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিক্ষা তথ্য ব্যুরো ও পরিসংখ্যানের (বেনবেইস) উদ্যোগে এবং দক্ষিণ কোরিয়ার সহযোগিতায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় জানায়, সারাদেশের সব উপজেলায় আইসিটি ট্রেনিং সেন্টার ফর এডুকেশন রিসোর্স সেন্টার গড়ে তোলার অংশ হিসেবে ১ম পর্যায়ে এদিন সারাদেশে ১২৫টি ট্রেনিং সেন্টার উদ্বোধন করা হলো। এর মাধ্যমে ২০১৭ সালের মধ্যে সারাদেশের ১ লাখ শিক্ষককে আইসিটিতে মাস্টার ট্রেনিং প্রদান করা সম্ভব হবে।

প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশের শিক্ষা পদ্ধতি সম্পূর্ণ আধুনিক প্রযুক্তি নির্ভর হবে। এ জন্য ১২৫টি ইউআইটিআরসিই'র উদ্বোধন হলো, দ্বিতীয় পর্যায়ে আরও ১৬০টি সেন্টার নির্মাণের কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। পর্যায়ক্রমে সমগ্র দেশের ৪৮৯টি উপজেলাতেই এই কেন্দ্র গড়ে তোলা হবে।'

প্রধানমন্ত্রী উন্নয়নকে তৃণমূল পর্যন্ত ছড়িয়ে দেয়ার লক্ষ্যেই তার সরকার কাজ করে যাচ্ছে উল্লেখ করে বলেন, 'আমরা কেবল শহর বা রাজধানীকেন্দ্রিক উন্নয়ন করতে রিসোর্স : পৃষ্ঠা ১২ ক : ৭

## রিসোর্স : সেন্টার হবে

(১৬ পৃষ্ঠার পর)

চাই না। উন্নয়নকে গ্রাম পর্যায়ে নিয়ে গেছি, সকলের সমান উন্নয়ন করতে চাই।' তিনি বলেন, গ্রামাঞ্চলের মানুষের পুষ্টি ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হয়েছে। সমগ্র দেশে ৫ হাজার ২৭৫ ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। সেখান থেকে ২শ ধরনের সেবা প্রদান করা হচ্ছে। দেশের ৮ হাজার পোস্ট অফিসকেও ডিজিটাল করার উদ্যোগ গ্রহণে মানুষের নানা সেবাপ্রাপ্তি নিশ্চিত হবার সঙ্গে সঙ্গে কর্মসংস্থানও সৃষ্টি হচ্ছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

শিক্ষা সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন রিপাবলিক অব কোরিয়ার রাষ্ট্রদূত অং সিউয়েন ডো।